

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২৪.২৭৮

তারিখ: ৩ পৌষ ১৪৩০
১৮ ডিসেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৪' প্রদানের জন্য আবেদন আহ্বান।

জনপ্রশাসনে কর্মরত কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুসারে ১২টি ক্ষেত্রে জনপ্রশাসনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ব্যক্তি/দল/প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান করা হবে। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান কার্যক্রমের সময়সূচি নিম্নরূপ:


জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদকের জন্য আবেদন আহ্বান	-	০৫ জানুয়ারির মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটিতে আবেদন দাখিল	-	০১ ফেব্রুয়ারির মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক চূড়ান্তকরণ	-	০১ মার্চের মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটি কর্তৃক বাছাইকৃত আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	০৫ মার্চের মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক আবেদন বাছাই ও চূড়ান্তকরণ	-	০২ মে-এর মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত আবেদনসমূহ জাতীয় কমিটিতে উপস্থাপন	-	২০ মে-এর মধ্যে
জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	-	১০ জুনের মধ্যে
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন	-	৩০ জুনের মধ্যে
পদকপ্রাপ্তদের নাম ঘোষণা ও পদক হস্তান্তর	-	২৩ জুলাই

০২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী ২০২৩ সালের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকান্ড বিবেচনাপূর্বক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৪ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে অনলাইনে bpaa.mopa.gov.bd লিংক ব্যবহার করে আগামী ৫ জানুয়ারি ২০২৪ হতে ১ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত আবেদন দাখিল করা যাবে।

শর্তাবলি:

- ১। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুসারে সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট আবেদন অনলাইনে প্রেরণ করতে হবে। এ নীতিমালার ৮নং অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন প্রেরণ ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। সংশোধিত নীতিমালা, আবেদনের ছক ও অনলাইন আবেদনের লিংক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।
- ২। সরাসরি হার্ডকপিতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ৩। নীতিমালায় বর্ণিত আবেদনের ছক (সংযোজনী ক) যথাযথভাবে পূরণ করতে হবে এবং ছকে অবদানের বহুনিষ্ঠ বর্ণনা থাকতে হবে।
- ৪। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি অনলাইনে সংযুক্ত করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশিত ভিডিও বা সংবাদের লিংক সংযোজন করা যাবে।
- ৫। জেলা, বিভাগ, মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যাচাই-বাছাইপূর্বক অনুমোদিত কার্যবিবরণী (পিডিএফ ফরমেটে) নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে।
- ৬। আবেদন বাছাই ও মনোনয়ন প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা ২০২২ (সংশোধিত) ও সংযোজনীসমূহ,



২৫-১২-২০২৩

শেখ কামাল হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রচারের অনুরোধসহ)
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ম্যানেজমেন্ট সিস্টেমটি সংশোধিত নীতিমালা অনুসরণ করে হালকরণ করা এবং সিস্টেমটি সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয়ের স্বার্থে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
- ৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সকল জেলা প্রশাসক (জেলা তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৮) উপসচিব, প্রশাসন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০) সকল উপজেলা নির্বাহী অফিসার (তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে সংশ্লিষ্ট নীতিমালা ও সংযোজনীসহ প্রকাশের অনুরোধসহ)